

গুগল ম্যাপে বদলে যাচ্ছে ‘গালফ অফ মেক্সিকোর’ নাম

- A Monitor Desk Report

Date: 28 January, 2025



আমেরিকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছে, গালফ অফ মেক্সিকোর নাম বদলানো হয়েছে। তারপরেই গুগল তাদের সিদ্ধান্ত জানিয়েছে।

এক্স হ্যান্ডলে বিবৃতি দিয়ে গুগল জানিয়েছে, আমেরিকার ভিতরে গুগল ম্যাপে গালফ অফ মেক্সিকোর নাম বদলে গালফ অফ অ্যামেরিকা করা হবে। কিন্তু আমেরিকার বাইরে এই বদল অন্যরকম হবে। মেক্সিকোতে পুরনো নাম, অর্থাৎ, গালফ অফ মেক্সিকোই রাখা হবে। আমেরিকা এবং মেক্সিকোর বাইরে ম্যাপে দুটো নামই রাখা হবে অর্থাৎ, সেখানে গালফ অফ মেক্সিকো এবং গালফ অফ আমেরিকা...দুটো নামই রাখা হবে পাশাপাশি।

গত সপ্তাহে আমেরিকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, তারা সরকারিভাবে গালফ অফ মেক্সিকোর নাম বদলে গালফ অফ আমেরিকা রেখেছে। সরকারি সমস্ত নথিপত্রে এই পরিবর্তন পরিমার্জন করা হচ্ছে। উত্তর আমেরিকার সর্বোচ্চ শৃঙ্গ আলাস্কার ডেনালি। ওই শৃঙ্গের নামও পরিবর্তন করে মাউন্ট ম্যাকিনলে করা হয়েছে।

২০১৫ সালে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা এই শৃঙ্গের নাম পরিবর্তন করে ডেনালি রেখেছিলেন। কারণ ওই অঞ্চলের স্থানীয় মানুষ ওই শৃঙ্গটিকে ডেনালি বলেন। ডোনাল্ড ট্রাম্প সেই নাম পরিবর্তন করে ফের পুরনো নাম রাখলেন। গুগল জানিয়েছে, তারা গুগল ম্যাপে এই নামেরও পরিবর্তন করবে।

ক্ষমতায় এসে গালফ অফ মেক্সিকোর নাম যে তিনি পরিবর্তন করবেন, তা আগেই জানিয়ে রেখেছিলেন ট্রাম্প। সেই মতো গত সপ্তাহেই মার্কিন প্রশাসন আনুষ্ঠানিকভাবে নাম পরিবর্তন করেছে। আমেরিকার যুক্তি, মেক্সিকো এবং আমেরিকা প্রায় সমপরিমাণ সীমান্ত উপভোগ করে গালফ অফ মেক্সিকোর ধারে। ফলে এর নামের সঙ্গে আমেরিকাও যুক্ত হওয়া উচিত।

মেক্সিকোর প্রেসিডেন্ট উপহাস করে বলেছিলেন, আমেরিকা যা-ই করুক, গোটা পৃথিবীর কাছে ওই সাগর গালফ অফ মেক্সিকো হিসেবেই পরিচিত থাকবে। শুধু তা-ই নয়, তিনি বলেছেন, এভাবে নাম বদলাতে থাকলে উত্তর আমেরিকার নাম বদলে মেক্সিকান আমেরিকা রাখা

উচিত। কারণ একসময় এই অঞ্চলকে এই নামেই ডাকা হতো।

-B